

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: অবিশ্বাস ও বিভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ২. ৩. ২. ৫. অশুভ, অযাত্রা বা অমঙ্গলে বিশ্বাস করা

আব্দুলাহ ইবনু মাসউদ (রাঃ) বলেন, রাসূলুলাহ (ﷺ) বলেছেন:

الطِّيَرَةُ شِرْكُ الطِّيَرَةُ شِرْكُ الطِّيَرَةُ شِرْكُ

''অশুভ বা অযাত্রা বিশ্বাস করা বা নির্ণয়ের চেষ্টা করা শির্ক, অশুভ বা অযাত্রা বিশ্বাস করা বা নির্ণয়ের চেষ্টা করা শির্ক, অশুভ বা অযাত্রা বিশ্বাস করা বা নির্ণয়ের চেষ্টা করা শির্ক।[1]

আবুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

مَنْ رَدَّتْهُ الطِّيَرَةُ مِنْ حَاجَةٍ فَقَدْ أَشْرَكَ قَالُوا يَا رَسُولَ اللَّهِ مَا كَفَّارَةُ ذَلِكَ قَالَ أَنْ يَقُولَ أَحَدُهُمْ اللَّهُمَّ لا خَيْرَ إِلا خَيْرُكَ وَلا طَيْرَ إلا طَيْرُكَ وَلا طَيْرُكَ وَلا طَيْرُكَ وَلا طَيْرُكَ وَلا طَيْرُكَ وَلا اللَّهُ غَيْرُك

"অশুভ, অযাত্রা বা অমঙ্গল ভেবে যে তার কর্ম বা যাত্রা পরিত্যাগ করল সে শিরক করল। সাহাবীগণ বলেন, হে আল্লাহর রাসূল, এর কাক্ষারা কী? তিনি বলেন, একথা বলবে যে, হে আল্লাহ, আপনার কল্যাণ ছাড়া কোনো কল্যাণ নেই, আপনার শুভাশুভত্ব ছাড়া কোনো শুভ বা অশুভ নেই এবং আপনি ছাড়া কোনো ইলাহ নেই।"[2]

ইমরান ইবনুল হুসাইয়িন (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

لَيْسَ مِنَّا مَنْ تَطَيَّرَ أَوْ تُطُيِّرَ لَهُ أَوْ تَكَهَّنَ أَوْ تُكُهِّنَ لَهُ أَوْ سَحَرَ أَوْ سُحِرَ لَهُ وَمَنْ عَقَدَ عُقْدَةً، وَمَنْ أَتَى كَاهِناً فَصدَدَّقَهُ لَيْسَ مِنَّا مَنْ تَطَيَّرَ أَوْ تُطُيِّرَ لَهُ أَوْ سُحَرًا أَوْ سُحَرًا أَوْ سُحَرًا أَوْ سُحَمَّدا عَلَى مُحَمَّدا عَلَى مُحُمَّدا عَلَى مُحَمَّدا عَلَى مُحَمَّدا عَلَى اللّهِ اللّهَ عَلَى مُحَمَّدا عَلَى اللّهُ اللّهُ اللّهُ عَلَى مُحَمَّدا عَلَى اللّهُ اللّه

"আমাদের দলভুক্ত নয় (আমার উম্মাত নয়) যে ব্যক্তি শুভাশুভ নির্ণয় করে অথবা যে ব্যক্তির জন্য শুভাশুভ নির্ণয় করা হয়, অথবা যে ব্যক্তি ভাগ্য বা গাইবী কথা বলে বা অথবা যার জন্য ভাগ্য নির্ণয় করা হয়, অথবা যে ব্যক্তি যাদু করে বা যার জন্য যাদু করা হয়, এবং যে ব্যক্তি কোনো (সুতা-তাগা ইত্যাদিতে) গিট দেয়। আর যদি কেউ কোনো গণক-জ্যোতিষী বা অনুরূপ ভাগ্য বা ভবিষ্যদ্বজার নিকট গমন করে এবং তার কথা বিশ্বাস করে তবে সে মুহাম্মাদ (變完) এর উপর অবর্তীণ দ্বীনের সাথে কুফরী করল।"[3]

এ বিষয়ে আরো অনেক হাদীস বর্ণিত হয়েছে।

যদি কেউ বিশ্বাস করেন যে, অমুক দিবস, রাত্রি, মাস, তিথি, সময়, বস্তু, দ্রব্য বা ব্যক্তির মধ্যে শুভ বা অশুভ কোনো প্রভাবের ক্ষমতা বা এরূপ প্রভাব কাটানোর ক্ষমতা আছে তবে তা শিরক্ আকবার বলে গণ্য হবে। আর যদি এরূপ বিশ্বাস পোষণ না করেন, বরং সুদৃঢ়ভাবে বিশ্বাস করেন যে, ভাল, মন্দ, শুভ, অশুভ সকল কিছুর মালিক একমাত্র আল্লাহ, কিন্তু কথাচ্ছলে এরূপ কিছ বলে ফেলেন তবে তা শিরক আসগার বলে গণ্য হবে।



ফুটনোট

- [1] তিরমিয়া, আস-সুনান ৪/১৬০; ইবনু হিববান, আস-সহীহ ১৩/৪৯১; হাকিম, আল-মুসতাদরাক ১/৬৪; আবূ দাউদ, আস-সুনান ৪/১৭; ইবনু মাজাহ, আস-সুনান ২/১১৭০। তিরমিয়া, ইবনু হিববান, হাকিম প্রমুখ হাদীসটিকে সহীহ বলেছেন।
- [2] আহমদ, আল-মুসনাদ ২/২২০; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ৫/১০৫; আলবানী, সিলসিলাতুস সাহীহাহ ৩/১৩৯, নং ১০৬৫। হাদীসটির সনদ সহীহ।
- [3] হাইসামী, মাজমাউয যাওয়াইদ ৫/১১৭। হাদীসটি সহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13700

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন